# চট্টগ্রাম বোর্ড-২০১৯

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** জোবেদা বেগম তার বান্ধবী নাছিমাকে বলল, "শোন, নাছিমা, আমার মেয়ে মিনা দেখতে সুন্দরী। এইচ.এস.সি. পাস করেছে। বিয়ের বয়স হয়েছে। বিয়ে না দিলে এলাকার লোকজনই বা কী বলবে? এই ভেবে মিনার বিয়ে ঠিক করে ফেলেছি।" নাছিমা বেগম জবাবে বলল, "আমার জ্বালা ভিন্ন ধরনের। আমার স্বামী প্রায়ই আমাকে বাবার বাড়ি থেকে টাকা আনার জন্য চাপ দেয়। আমি টাকা দিতে না পারায় অত্যাচার করেন। আমি অনেক দিন মুখ বুঝে থাকার পর আইন ও সালিশ কেন্দ্রের সহায়তা গ্রহণ করি।"

ক. খাদ্য নিরাপত্তা কাকে বলে? ১
খ. সুশাসনের অভাবে কীভাবে সন্ত্রাস বৃদ্ধি পায়? ২
গ. জোবেদা বেগমের বক্তব্যে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির কোন কারণটি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাছিমা বেগমের বর্ণিত সামাজিক সমস্যা মোকাবেলায় আর কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

**২.▶ তথ্য-১:** শাহেদ সাহেব তাঁর পরিষদের উন্নয়নের জন্য ২০১৬-১৭ অর্থবছরে প্রতিটি গ্রামের জাঁক-জমকপূর্ণ বিয়ের অনুষ্ঠান পরিদর্শনপূর্বক বর কনে পক্ষের কাছ থেকে ফি আদায় করেন। তিনি প্রতিটি গ্রামের সরকারি জলাশয় ভাড়া দিয়েও অর্থ সংগ্রহ করেন। তিনি উক্ত অর্থবছরে গ্রামের জারিগানের অনুষ্ঠান থেকেও অর্থ সংগ্রহ করেন।

**তথ্য-২:** খালেক সাহেব শাহেদ সাহেবের পরিষদের কার্যক্রমের যথাযথ তদারকি করে থাকেন। এ বছর খালেক সাহেব তার পরিষদের এলাকাভুক্ত কয়েকটি গ্রামের মেয়েদের সেলাই প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলে প্রশিক্ষক নিয়োগ দেন। সম্প্রতি তার এলাকার বর্জ্য নিস্কাশনের জন্য কয়েকটি নালা খনন করেন।

ক. স্থানীয় সরকার ব্যবস্থা কী? ১
খ. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের স্থানীয় সরকার ব্যবস্থা দেশের অন্যান্য স্থানীয় সরকার ব্যবস্থা থেকে আলাদা কেন? ব্যাখ্যা কর। ২
গ. তথ্য-১ কোন স্থানীয় সরকারের আয়ের উৎসকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তথ্য-২ এর প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রমের ফলে পরিষদ এলাকার উন্নয়ন কী ত্বরান্বিত হবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** মোমেন মিয়া যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে তিন মাসের প্রশিক্ষণ গ্রহণ করে এলাকায় মৎস্য ও মুরগির খাবার তৈরি করেন। খামার থেকে অর্জিত আয় দিয়েই তিনি সুন্দরভাবে সংসার চালাতে পারছেন। আবার তার এলাকার মজিদ সাহেব প্রচুর ভূ-সম্পত্তির অধিকারী। তার দুইজন স্ত্রী থাকলেও কোনো সন্তান নেই। অন্যদিকে মজিদ সাহেবের বন্ধু প্রবীর বাবু বিয়ের পরে শ্বশুর বাড়িতে চলে যান। তার সন্তানেরা তার স্ত্রীর বংশ পরিচয়ে পরিচিতি লাভ করে।

ক. ভূ-খণ্ড কাকে বলে? ১
খ. সার্বভৌমত্ব রাষ্ট্রের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. মোমেন মিয়ার কাজটি পরিবারের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত "মজিদ সাহেব ও প্রবীর বাবুর গঠিত পরিবারের মধ্যে প্রকৃতি ও গঠন কাঠামোতে ভিন্নতা আছে"— মতামত ব্যক্ত কর। ৪

**৪.▶ দৃশ্যকল্প-১:** রাবেয়া বেগম দুই কন্যা মিতু ও সেতুকে রেখে মৃত্যুবরণ করেন। দুই বোন মামাদের কাছে নানার সম্পত্তিতে মায়ের অংশ দাবি করে। মামারা মায়ের অংশ থেকে কয়েক বিঘা সম্পত্তি দিতে চাইলে দুই বোন তা গ্রহণ করতে অস্বীকৃতি জানায় এবং জেলাজজ আদালতে মামলা দায়ের করে। আদালতের রায়ের মাধ্যমে তাদের মায়ের সম্পত্তির সঠিক অংশ আদায় হয়।

**দৃশ্যকল্প-২:** 'ক' শিল্প এলাকায় কিছু প্রভাবশালী ব্যক্তির সহায়তায় বিভিন্ন ধরনের মাদক ব্যবসায় রমরমাভাব চলছিল। যুবকরা নেশায় মোহাচ্ছন্ন হয়ে পড়ছিল। ঐ এলাকার কয়েকজন প্রবীণ গোপনে পুলিশকে জানালে পুলিশ মাদক ব্যবসায়ী এবং তাদের গডফাদারকে ধরে জেলখানায় প্রেরণ করে। মাদক আইনে তাদের শাস্তি হয়।

https://teachingbd24.com

ক. অর্থনৈতিক স্বাধীনতা কাকে বলে? ১
খ. গণতন্ত্রের সাথে সাম্যের সম্পর্ক বুঝিয়ে লেখ। ২
গ. দৃশ্যকল্প-১ এর মিতু ও সেতু কোন আইনের সহায়তায় অধিকার ফিরে পেলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, দু'টি দৃশ্যকল্পই আইনের শাসনের প্রতিফলন লক্ষণীয়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ জনাব হায়দার আলী একজন সরকারি কর্মকর্তা। তিনি গত অর্থবছরে তাঁর অর্পিত আয়ের উপর ৩,০০০ টাকা আয়কর পরিশোধের জন্য আয়কর রিটার্ন দাখিল করেন। অন্যদিকে তাঁর বন্ধু তামিমুল ইসলাম নিজ যোগ্যতাবলে সোনালী ব্যাংকের 'সিনিয়র অফিসার' পদে যোগদান করেন। তিন বছর পর তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে গাজীপুর একটি প্লট ক্রয় করেন। সম্প্রতি অনুষ্ঠিত পৌরসভার নির্বাচনে তিনি নিজ এলাকায় গিয়ে ভোট প্রদান করেন।

ক. অনুমোদনসূত্রে নাগরিকতা কাকে বলে? ১
খ. সুনাগরিক হওয়ার জন্য বুদ্ধি প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব হায়দার আলী কোন ধরনের আইনগত কর্তব্য পালন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুচ্ছেদে বর্ণিত নাগরিকতার দু'টি দিক একে অপরের পরিপূরক— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶

দৃশ্য-১



৬০ এর দশকে সামরিক শাসকের বিরুদ্ধে পূর্ব বাংলায় সংঘটিত ব্যাপক জনঅসন্তোষ

দৃশ্য-২



নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা লাভের পরও ক্ষমতা হস্তান্তর না করায় নির্বাচিতদের প্রকাশ্যে প্রতীকী শপথ।

দৃশ্য-৩



যুদ্ধে পরাজয় মেনে দলিলে স্বাক্ষর।

https://teachingbd24.com

ক. দ্বিজাতি তত্ত্ব কী? ১
খ. বাংলাদেশের ইতিহাসে কালরাত্রি কী? ব্যাখ্যা কর। ২
গ. 'দৃশ্য-১' বাংলাদেশের ইতিহাসে কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'দৃশ্য-৩' এর ঘটনায় 'দৃশ্য-২' এর ঘটনার প্রভাব রয়েছে— বিশ্লেষণ কর। ৪

৭. ▶

| 'ক' সংস্থা | 'খ' সংস্থা | 'গ' সংস্থা |
|---|---|---|
| ১. পাশাপাশি ৮টি গ্রাম নিয়ে গঠিত।<br>২. প্রতিটি গ্রামের খেলার মাঠগুলো পরিচর্যা ও খেলাধুলার মান উন্নয়ন ঘটাবে।<br>৩. প্রতিটি গ্রামের কৃষির উন্নয়নে উন্নত বীজ ও চারা দিয়ে একে অপরকে সাহায্য করবে। | ১. (৫৭-৫৭) সদস্য সংখ্যা।<br>২. সংস্থার সদস্যদের মধ্যে বিবাদ দেখা দিলে সহানুভূতির সাথে মীমাংসা করবে।<br>৩. জাতি-ধর্মগত ভেদাভেদ কমিয়ে আনবে। | ১. সকল মানুষের ব্যক্তিস্বাধীনতা ও জন্মগত অধিকারের প্রতি সম্মান দেখাবে।<br>২. কোনো সদস্য অন্য সদস্যকে হুমকি দিলে প্রতিরোধ করা হবে।<br>৩. আর্থ-সামাজিক ও মানবতামূলক কাজে এক সদস্য অন্য সদস্যকে সহযোগিতা করবে। |

ক. অছি এলাকা কাকে বলে? ১
খ. আন্তর্জাতিক আদালতের কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ. 'ক' সংস্থার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সংস্থার গঠন ও উদ্দেশ্যের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে 'খ' ও 'গ' এর মধ্যে কোনটির ভূমিকা অধিক বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮. ▶







Teachingbd24.com

ক. [illegible] ১
খ. ঐকনায়কতান্ত্রিক শাসন ব্যবস্থায় বিপ্লবের ভয় থাকে কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'ক' রাষ্ট্র ব্যবস্থার গুণ কোন ধরনের রাষ্ট্র ব্যবস্থার গুণের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'খ' রাষ্ট্র ব্যবস্থার গুণগুলো বাংলাদেশের সরকার ব্যবস্থায় বিদ্যমান আছে কি? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ বাগামারা গ্রামের যুবকরা 'যুবসংহতি' নামে একটি খেলাধুলার ক্লাব প্রতিষ্ঠা করেন। ক্লাবের নিয়মনীতি সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের মাধ্যমে স্থায়ীভাব প্রতিষ্ঠা পায়। এই নিয়মনীতিই যুব সংহতির গঠনতন্ত্র। অন্যদিকে রামকান্তপুর গ্রামের যুবকরা 'নবারুণ সংঘ' নামে একটি সমবায় সমিতি গঠন করেন। প্রতিবছর বার্ষিক সভায় সমিতির নিয়মনীতি উপস্থিত সদস্যের মতামতের ভিত্তিতে ঠিক করা হয়। ২০১৭ সালের বার্ষিক সভায় কয়েকজন সদস্য সমিতির লিখিত নিয়মনীতি না থাকায় সভা ভণ্ডুল করে। ফলে কমিটি গঠনতন্ত্র তৈরির জন্য একটি নির্বাহী কমিটি গঠন করে।

ক. দুষ্পরিবর্তনীয় সংবিধান কাকে বলে? ১
খ. "সংবিধানকে রাষ্ট্র পরিচালনার মৌলিক দলিল বলা হয়"— ব্যাখ্যা কর। ২
গ. 'যুব সংহতির' গঠনতন্ত্র প্রণয়নের সাথে সংবিধান প্রণয়নের কোন পদ্ধতির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নবারুন' সংঘের অনুপ্রেরণাকৃত সংবিধানের ইতিবাচক ও নেতিবাচক দিক দু'টিই আছে— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ জনাব 'ক' একজন প্রশাসনিক প্রধান হিসেবে নওগাঁয় পুলিশ সুপারের সহায়তায় মাদক বিক্রির ঘাঁটিগুলোতে অভিযান চালান। তিনি প্রশাসনিক এলাকার অনেক শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার উপকরণ কেনার জন্য অর্থ প্রদান করেন। তিনি আসন্ন জেএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কেন্দ্র প্রধানদের নিয়ে সভা করেন। পরীক্ষায় সুষ্ঠু পরিবেশ নষ্টকারীদের বিরুদ্ধে তিনি আইনগত ব্যবস্থা নেওয়ার কড়া হুশিয়ারী উচ্চারণ করেন। অন্যদিকে প্রশাসনের একজন কর্মকর্তা হিসেবে জনাব 'খ' ব্যক্তি জনাব 'ক' ব্যক্তির প্রশাসনিক কাজের তদারকিসহ এ বছর বিভিন্ন জেলায় স্টেডিয়াম নির্মাণ ও পাঠাগারের উন্নয়নের প্রচুর সরকারি অর্থ প্রদান করেন।

ক. সুপ্রীম কোর্ট কী? ১
খ. গ্রাম আদালত কীভাবে গঠিত হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব 'খ' বাংলাদেশের কোন স্থানীয় প্রশাসনের কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব 'ক'-কে কেন্দ্র করেই তার এলাকার প্রশাসন পরিচালিত হয়"— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ সম্প্রতি জনাব 'ক' তার দেশের জাতীয় নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করেন। তার মত আরও অনেকেই এ নির্বাচনে অংশ নেয়। প্রত্যেক দল থেকেই নির্বাচনে জয়ী হওয়ার জন্য প্রত্যেকটি নির্বাচনি এলাকা থেকে সৎ, যোগ্য ব্যক্তিকে দলীয় প্রার্থী হিসেবে মনোনয়ন দেয়। প্রার্থীরা প্রত্যেক ভোটারের বাড়িতে বাড়িতে গিয়ে ভোট চায়। নির্বাচনের দিন ভোটকেন্দ্রে প্রার্থী ও কর্মীরা ভোটারদের সঠিকভাবে ভোট দিতে সহায়তা করেন। নির্বাচনে 'ক' এর দল সংখ্যাগরিষ্ঠতা লাভ করলে অন্যান্য দলের প্রার্থীরা অভিনন্দন জানায়।

ক. নির্বাচন পদ্ধতির ক্ষেত্রে বর্তমানে সর্বত্র গৃহীত নীতি কী? ১
খ. গণতান্ত্রিক রাষ্ট্রে নির্বাচকমণ্ডলী গুরুত্বপূর্ণ কেন? ২
গ. জনাব 'ক' এর দেশের নির্বাচন ব্যবস্থা কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'ক' এর দেশের গণতন্ত্র বিকাশে উদ্দীপকে উল্লিখিত কাজ ছাড়াও দলগুলোর আর কোনো ভূমিকা আছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. আমাদের সংবিধান প্রণয়নের পদ্ধতি কোনটি?**
ক) অনুমোদন    খ) আলাপ-আলোচনা
গ) ক্রমবিবর্তন    ঘ) বিপ্লব

**২. বাংলাদেশ সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে—**
i. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্তিকরণ করা হয়
ii. জাতীয় সংসদে মহিলাদের জন্য ৫০টি আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়
iii. উপরাষ্ট্রপতির পদ বিলুপ্ত করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii

**৩. জাতীয় সংসদ অধিবেশন পরিচালনার জন্য কমপক্ষে কতজন সদস্যের উপস্থিতি প্রয়োজন?**
ক) ৫০    খ) ৫৫
গ) ৬০    ঘ) ৬৫

**৪. প্রশাসনিক কাঠামোর দিক থেকে উপসচিব পদের পরবর্তী ধাপ—**
ক) অতিরিক্ত সচিব
খ) যুগ্ম সচিব
গ) সিনিয়র সহকারী সচিব
ঘ) সহকারী সচিব

**৫. কার নির্দেশে অর্থমন্ত্রী দেশের জাতীয় বাজেট প্রণয়ন ও সংসদে উপস্থাপন করেন?**
ক) রাষ্ট্রপতি    খ) স্পিকার
গ) প্রধানমন্ত্রী    ঘ) পরিকল্পনা মন্ত্রী

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**
প্রতিবছর এদেশের বিদ্যালয়গুলোতে আসবাবপত্র তৈরি হলেও শিক্ষার্থীদের স্থান সংকুলান হয় না। নতুন নতুন শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে অথচ শিক্ষার্থীদের চাপে ভর্তি পরীক্ষাগুলো রীতিমত যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছে। চাকুরীর শত শত ক্ষেত্র তৈরি হলেও লক্ষ লক্ষ যুবক বেকার থেকে যাচ্ছে।

**৬. উদ্দীপকে বর্ণিত অবস্থা আমাদের জাতীয় জীবনের কোন সমস্যাকে চিহ্নিত করছে?**
ক) দরিদ্রতা    খ) অসচেতনতা
গ) দক্ষতার অভাব    ঘ) জনসংখ্যা

**৭. উদ্দীপকে উল্লিখিত সমস্যা থেকে পরিত্রাণের উপায় হলো—**
ক) নিরক্ষরতা দূর করা
খ) পুষ্টি জ্ঞানের ধারণা দেয়া
গ) পরিবেশ বিষয়ে সচেতনতা তৈরি
ঘ) প্রশাসনিক কঠোরতা

**৮. আধুনিককালে আইনের প্রধান উৎস কোনটি?**
ক) বিচারকের রায়
খ) আইনসভা
গ) আইনবিদদের গ্রন্থ
ঘ) ধর্ম

**চিত্রটি দেখে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**




**৯. "?" চিহ্নিত স্থানে হবে—**
ক) জাতিসংঘ    খ) কমনওয়েলথ
গ) ওআইসি    ঘ) সার্ক

**১০. উক্ত সংস্থাটির উদ্দেশ্য হলো—**
i. ইসলামি ভ্রাতৃত্ব ও সংহতি জোরদার করা
ii. বিশ্বশান্তি প্রতিষ্ঠা করা
iii. সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে সামাজিক ও অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**১১. আমাদের দেশে নারী নির্যাতনের প্রধান কারণ হলো—**
ক) অধিকাংশ নারীরা আত্মনির্ভরশীল নয়
খ) সর্বক্ষেত্রে নারীদের চাকুরীর সুযোগ বিদ্যমান
গ) নারীরা শারীরিকভাবে দুর্বল
ঘ) ধর্মীয় অনুশাসনের অভাব

**১২. আইনের মৌলিক বৈশিষ্ট্য হলো—**
i. আইন কর্তৃপক্ষের অনুকূলে তৈরি হয়
ii. আইন সকলের ক্ষেত্রে সমান
iii. আইন রাষ্ট্র কর্তৃক অনুমোদিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**১৩. মুক্তিযুদ্ধে গেরিলা বাহিনীর সদস্যদের মধ্যে সংখ্যায় কারা বেশি ছিল?**
ক) ছাত্র ও শিক্ষক    খ) ছাত্র ও সেনাসদস্য
গ) ছাত্র ও কৃষক    ঘ) ছাত্র ও ব্যবসায়ী

**১৪. গণতান্ত্রিক শাসন ব্যবস্থার অপরিহার্য উপাদান কোনটি?**
ক) নির্বাচন কমিশন    খ) রাজনৈতিক দল
গ) সরকার গঠন    ঘ) নির্বাচকমণ্ডলী

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
রিসাত একটি স্বাধীন রাষ্ট্রে বসবাস করে। তার রাষ্ট্রে সবকিছুই কেন্দ্র থেকে নিয়ন্ত্রণ করা হয়। অন্যদিকে শিহাবের রাষ্ট্র অনেকগুলো অঞ্চলে বিভক্ত। কেন্দ্র ও অঞ্চলের মধ্যে ক্ষমতার ভাগাভাগি আছে।

Teachingbd24.com

১৫. রিসাতের রাষ্ট্রে সরকারের রূপ হলো—
ক) যুক্তরাষ্ট্রীয় খ) সমাজতান্ত্রিক
গ) এককেন্দ্রিক ঘ) একনায়কতান্ত্রিক

১৬. শিহাবের রাষ্ট্রের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?
ক) অঞ্চলগুলো আলাদা রাষ্ট্র গঠনের পক্ষে সহায়ক
খ) সারা দেশে একই ধরনের প্রশাসনিক নীতি ও আইন কার্যকর থাকে
গ) ক্ষুদ্র রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে সুবিধাজনক
ঘ) প্রশাসন পরিচালনার ব্যয় কম

১৭. রাজনৈতিক দলের কাজ হচ্ছে—
ক) সকল ক্ষেত্রে সরকারের বিরোধিতা করা
খ) সামাজিক সচেতনতা তৈরি করা
গ) নির্বাচনি এলাকা নির্ধারণ করা
ঘ) বিভিন্ন ইস্যুতে সভা, মিছিল ও হরতাল করা

১৮. জাতিসংঘের সবচেয়ে গুরুত্বপূর্ণ শাখা কোনটি?
ক) সাধারণ পরিষদ
খ) অছি পরিষদ
গ) আন্তর্জাতিক আদালত
ঘ) নিরাপত্তা পরিষদ

১৯. উত্তম সংবিধানের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হলো—
ক) এটি বিস্তৃত প্রকৃতির হয়
খ) সহজেই সংবিধান পরিবর্তন করা যায়
গ) রাষ্ট্র পরিচালনার নীতিসমূহ সন্নিবেশিত থাকে
ঘ) বিপ্লবের মাধ্যমে সংবিধান তৈরি

২০. একটি ইউনিয়ন পরিষদে মোট নির্বাচিত প্রতিনিধির সংখ্যা কত জন?
ক) ১০ খ) ১১
গ) ১২ ঘ) ১৩

২১. পরোক্ষভাবে নির্বাচিত প্রতিনিধি হলেন—
ক) ইউনিয়ন চেয়ারম্যান
খ) পৌরসভার মেয়র
গ) রাষ্ট্রপতি
ঘ) উপজেলা চেয়ারম্যান

২২. নিচের কোনটিকে বাঙালী জাতির 'ম্যাগনাকার্টা' বলা হয়?
ক) ৬ দফা কর্মসূচি খ) ৭ই মার্চের ভাষণ
গ) ভাষা আন্দোলন ঘ) ১১ দফা দাবী

২৩. পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কী?
ক) Civis খ) Civitas
গ) Citizen ঘ) Civics

২৪. নাগরিকতা হলো—
ক) নাগরিক হিসেবে ব্যক্তির কর্তব্য
খ) নাগরিক হিসেবে ব্যক্তির পরিচয়
গ) নাগরিক হিসেবে ব্যক্তির মর্যাদা
ঘ) নাগরিক হিসেবে ব্যক্তির ভোটাধিকার

২৫. তথ্য অধিকার আইনে সংশ্লিষ্ট কর্মকর্তা অনধিক কত কার্যদিবসের মধ্যে তথ্য সরবরাহ করবেন?
ক) ১০ খ) ২০
গ) ৩০ ঘ) ৪০

২৬. জ্যাঁ জ্যাক রুশো রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত কোন মতবাদের সমর্থক ছিলেন?
ক) ঐশী খ) বল বা শক্তি প্রয়োগ
গ) বিবর্তনমূলক ঘ) সামাজিক চুক্তি

২৭. ১৯৪০ সালের লাহোর প্রস্তাব কার সভাপতিত্বে গৃহীত হয়?
ক) এ.কে. ফজলুল হক
খ) খাজা নাজিম উদ্দিন
গ) জেনারেল আইয়ুব খান
ঘ) মোহাম্মদ আলী জিন্নাহ

২৮. বাহার সাহেব একজন সরকারি কর্মচারী। তার কর্মস্থলের বেশিরভাগ লোকেরই সংস্কৃতি ও জীবন-যাপন পদ্ধতি বাঙালীদের চেয়ে সম্পূর্ণ আলাদা। নিজেদের স্বতন্ত্র পরিচয়ের জন্য তারা দীর্ঘদিন আন্দোলন করেছে। ফলে সরকার তাদের সাথে একটি চুক্তি সম্পাদন করে।
উদ্দীপকের আলোকে নিচের কোন উক্তিটি সঠিক?
ক) উক্ত অঞ্চলের স্থানীয় সরকার ব্যবস্থা অন্য অঞ্চল থেকে ভিন্ন
খ) উক্ত অঞ্চলে বাঙালী চেয়ারম্যান হতে পারে না
গ) উক্ত অঞ্চল সিলেট বিভাগের অন্তর্ভুক্ত
ঘ) উক্ত অঞ্চলে সরকারের অনুশাসন প্রযোজ্য নয়

২৯. কোন শাসন ব্যবস্থায় নির্দিষ্ট মেয়াদের পর জনগণের কাছে সরকার পরিবর্তনের সুযোগ আসে?
ক) সমাজতান্ত্রিক খ) গণতান্ত্রিক
গ) একনায়কতান্ত্রিক ঘ) রাজতান্ত্রিক

৩০. ১৯৭০ সালের নির্বাচনের পর পাকিস্তানে শাসকদের মধ্যে ক্ষমতা হারানোর ভীতি ছড়িয়ে পড়লে তারা—
i. বঙ্গবন্ধুর সাথে আলোচনায় বসে
ii. বঙ্গবন্ধুকে পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে মেনে নেয়
iii. পশ্চিম পাকিস্তান থেকে সৈন্য ও অস্ত্র নিয়ে আসে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd24.com

https://teachingbd24.com